

নং-সদেক/২০২৫/হিসাব/এন-১/ ৯৯

তারিখ : ১৭/০৬/২০২৫ খ্রি.

## ২০২১- ২০২২ শিক্ষাবর্ষে অনার্স ৩য় বর্ষ ভর্তি বিজ্ঞপ্তি:

এতদ্বারা অনার্স ৩য় বর্ষের (শিক্ষাবর্ষ ২০২১ - ২০২২) ছাত্র/ছাত্রীদেরকে জানানো যাচ্ছে যে, ২০২৩ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় কৃতকার্য হয়ে যে সকল শিক্ষার্থী অনার্স ৩য় বর্ষে উত্তীর্ণ হয়েছে তাদেরকে আগামী ২২/০৬/২০২৫ হতে ১০/০৭/২০২৫ তারিখের মধ্যে সেশন ফিসহ জুন/২০২৪ পর্যন্ত বেতন পরিশোধ করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

### অনার্স ৩য় বর্ষে ভর্তি ফিসের মোট টাকার পরিমাণ

বি.এ/বি.এস.এস/বি.বি.এ (অনার্স ৩য় বর্ষ)	বি.এস.সি (অনার্স ৩য় বর্ষ)
২৭১৫/-	২৮১৫/-


মোবাইলের মাধ্যমে উপায়/বিকাশ/নগদ এর মাধ্যমে নিম্নোক্ত পত্রিয়ায় ভর্তি ফি জমা দিতে হবে:

উপায়/বিকাশ/নগদ এর অ্যাপ এ গিয়ে Pay Bill সিলেক্ট করে Education সিলেক্ট করতে হবে। অতঃপর Govt. Debendra College সিলেক্ট করলে Bill period ও Enter Student ID আসবে। এখানে চলতি মাসের নাম সিলেক্ট করে শিক্ষার্থীরা তাদের ক্লাশ রোল নম্বর (১৩ অক্ষরের) দিয়ে ট্যাপ করলে শিক্ষার্থীর নামসহ টাকার অংক আসবে। টাকার পরিমাণ দেখে নিশ্চিত হয়ে সিলেক্ট করে প্রয়োজনীয় পিন নম্বর প্রদান করে ভর্তি ফিস প্রদান করতে হবে।

অনলাইনে টাকা জমাদানের পর শিক্ষার্থীদের জন্য করণীয়:

০১। শিক্ষার্থীরা উপায়/বিকাশ/নগদ এ পরীক্ষার ফি প্রদানের পর জমা রশিদের প্রিন্ট নিয়ে অথবা নিজস্ব মোবাইল থেকে অ্যাপের মাধ্যমে ভর্তি ফি প্রদান করে [debendracollege.eshiksabd.com](http://debendracollege.eshiksabd.com) এ গিয়ে Login to EMS এ User Name: debendrastudent, Password: debendrastudent দিয়ে Login করে Receipts print বাটনে ক্লিক করে Student Fee payment Receipts এর ঘরে তাদের ক্লাশ রোল নম্বর (১৩ অক্ষরের) দিয়ে Show payment List এ ক্লিক করলে টাকা জমার রশিদ প্রদর্শিত হবে। উক্ত রশিদ প্রিন্ট করে নিতে হবে।

উপায় /বিকাশ/ নগদ এ ভর্তি ফিসের টাকা জমা দেওয়ার পর টাকা জমাদানের রশিদের একটি ফটোকপিসহ মূলকপি (রশিদে নাম, ক্লাশ রোল, বিভাগ, সেশন ও মোবাইল নম্বর লিখে ফটোকপি করে) স্ব স্ব বিভাগে (সরকারি ছুটির দিন ব্যতিত প্রতিদিন সকাল ১০.০০ টা হতে দুপুর ১.০০ টা পর্যন্ত) জমা দিয়ে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

  
(প্রফেসর মো: শহীদুজ্জামান)

আইডি নং- ১০৫১

অধ্যক্ষ

সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ।